



প্রতিদিনের সংবাদ

প্রতিদিনের সংবাদ, ০৬-০৮-২০২৩, পৃষ্ঠা- ০৩



ইস্ট ওয়েস্টের কনফারেন্সে ড. হাছান মাহমুদ

ভূয়া সংবাদ থেকে রক্ষা পেতে 'ইনফরমেশন লিটারেসি' দরকার

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ইনফরমেশন স্টাডিজ বিভাগ তিন দিনব্যাপী 'ইনফরমেশন অ্যান্ড নলেজ ম্যানেজমেন্ট' শীর্ষক আন্তর্জাতিক সম্মেলনের আয়োজন করেছে। সম্মেলনে বাংলাদেশসহ ১১টি দেশের প্রায় ৩০০ জন অংশগ্রহণ করেন। সম্মেলনের প্রধান অধিবেশন শুক্রবার (৪ আগস্ট) সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের মঞ্জুর এলাহী অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী ড. হাছান মাহমুদ।

মন্ত্রী তার বক্তব্যে বলেন, দেশে অবাধ ও স্বাধীন তথ্য প্রবাহে সরকার কোনো ধরনের বাধার সৃষ্টি করে না। কিন্তু গণমাধ্যম কতটা দায়িত্বশীল আচরণ করে তা প্রশ্ন সাপেক্ষ। একইসঙ্গে তিনি সামাজিক যোগাযোগমাধ্যম

ব্যবহারে সতর্ক থাকার আহ্বান জানান। তার মতে, এসব মাধ্যমে প্রচুর গুজব ও ভূয়া খবর ছড়ানো হয়। তাই কোনটা সত্য সেটা বের করার জন্য জনসাধারণের 'মিডিয়া ও ইনফরমেশন লিটারেসি' দরকার বলে উল্লেখ করেন তিনি।

অধিবেশনে সভাপতিত্ব করেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. এম জিয়াউলহক মামুন। মূল প্রবন্ধ উপস্থাপন করেন অস্ট্রেলিয়ার মোনাশ ইউনিভার্সিটির অধ্যাপক গিলিয়ান অলিভার। এছাড়া স্বাগত বক্তব্য দেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ইনফরমেশন স্টাডিজ বিভাগের চেয়ারপারসন ড. দিলারা বেগম। সংবাদ বিজ্ঞপ্তি।